


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
ই-৭, আগারগাঁও, ঢাকা
www.dip.gov.bd

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	এ.কে.এম মাজহারুল ইসলাম পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
সভার তারিখ	১১ ডিসেম্বর, ২০২৩
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ (কক্ষ নং ৬০০২)
উপস্থিতি	তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচ্য বিষয় সমূহ উত্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয় সমূহ উত্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসম্পাদন সূচক	আলোচনা ও সিদ্ধান্ত
[১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত “Visa Application Tracking Management Software” এর সর্বশেষ অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনা মোতাবেক সিদ্ধান্ত হয় যে আগামী জানুয়ারী ২০২৪ এ সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
[২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা।	১ম কোয়ার্টারের কার্যক্রম সম্পন্ন হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে নির্ধারিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে।
[৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত।	সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এ অত্র অধিদপ্তরের পাসপোর্ট ও ভিসা তথ্য সহায়িকা (মোবাইল এ্যাপস) এর প্রদর্শন করতে হবে।
[৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	ই-ফাইলে নোট নিষ্পত্তির হার বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।
[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	অত্র অধিদপ্তরের তথ্য বাতায়ন ২য় কোয়ার্টারে হালনাগাদ করতে হবে।
[৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ	আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য সকল বিভাগীয় এবং আঞ্চলিক পাসপোর্ট অফিস পত্র দিতে হবে।
[৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ১ম কর্মশালা ডিসেম্বরে ২০২৩ এ সম্পন্ন করতে হবে।
[৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা অথবা ধারণা চেয়ে অধিদপ্তরের সকল কর্মকর্তা এবং সকল বিভাগীয় এবং আঞ্চলিক পাসপোর্ট অফিস বরাবর পত্র দিতে হবে।



২৭-১২-২০২৩

এ.কে.এম মাজহারুল ইসলাম
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)

০১৭৩৩৩৯৩৩০৩

dpassport@passport.gov.bd


১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৮.০১.০০০০.১০৬.৫১.০০১.২৩.৫৮৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল কর্মকর্তা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
- ২। ইনোভেশন টিম, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
- ৩। এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।



২৭-১২-২০২৩

সচিব কুমার আইন
সহকারী পরিচালক